

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৬.০১১.০৪.৫৮.০২৭.২০১৭.৯২০

তারিখ : ২৯.০৮.২০১৮

বিষয়ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন কারা অধিদপ্তরের “ডিপ্লোমা নার্স” পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ এবং মূল আবেদনপত্রের ফর্ম (BPS Form -3) পূরণ ও জমাদান প্রসঙ্গে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন কারা অধিদপ্তরের “ডিপ্লোমা নার্স” এর শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে কমিশন সচিবালয় কর্তৃক ৩০.০৭.২০১৭ তারিখে অনলাইনে ৬৫ নং নিয়োগ বিজ্ঞপ্তি অনলাইনে জারি করা হয়। উল্লিখিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্রার্থীদের লিখিত পরীক্ষা গত ০৭.০৫.২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর নিম্নে উল্লেখ করা হলো। প্রকাশিত ফলাফল কোনো কারণে সংশোধনের প্রয়োজন হলে কর্ম কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।

২. লিখিত পরীক্ষায় সাময়িকভাবে [Provisionally] উত্তীর্ণ প্রার্থীদের রেজি: নম্বরসমূহ :


000059 000065 000084 000758 000880 000914 000935 001084 001178 001206 001311
001326 001554 001628 001641 001677 001709 001714 001756 001793 001922 001934
002002 002081 002107 002168 002169 002179 002198 002201 002208 002231 002385
002408 002443 002564 002835 002871 002901 002992 003028 003036 003210 003543
003587 003697 003770 003819 003906 003918 400014 600069 700088 Total=53 জন।

৩. লিখিত পরীক্ষার ফলাফল কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এবং নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

৪. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ও যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ, সময়সূচি এবং অন্যান্য তথ্যাবলি পরবর্তীতে সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এবং জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।

৫. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মূল আবেদনপত্র (BPS Form -3) কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় সকল শিক্ষাগত যোগ্যতা এবং সংশ্লিষ্ট সকল সনদের সত্যায়িত কপি, অভিজ্ঞতার সনদ (প্রয়োজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র এবং নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি, চাকরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপি (প্রয়োজ্য ক্ষেত্রে), Applicant's Copy, প্রবেশপত্রের কপিসহ অবশ্যই জমা দিতে হবে। উল্লিখিত প্রতিটি ডকুমেন্ট এর উপর প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে এবং ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পূরণকৃত (BPS Form -3) আগামী ০৩.০৯.২০১৮ তারিখ হতে ১৭.০৯.২০১৮ তারিখ পর্যন্ত প্রতি কর্ম দিবসে সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টার মধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-এ পরিচালক, ইউনিট-৬ এর নিকট অফিস চলাকালীন সময় হাতে হাতে অথবা ডাকযোগে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য ডাকযোগে প্রেরিত আবেদনপত্র নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে না পাওয়া গেলে এবং (BPS Form -3) জমা দিতে ব্যর্থ হলে প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ থাকবে না এবং এ জাতীয় প্রার্থীদের প্রার্থিতা বাতিল বলে বিবেচিত হবে।

৬. কোনো প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তি বর্ণিত কোনো শর্তে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি পাওয়া গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা হলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ কমিশন কর্তৃক অনুষ্ঠেয় পরবর্তী যে কোনো পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা যাবে। এমনকি, সার্ভিসে নিয়োগের পর উক্তরূপ কোনো তথ্য প্রকাশ ও তা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ যেকোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।



[আ. ই. ম. নেহার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]